# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪)
৮ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা।
www.icb.gov.bd
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১১.০০১.২৫/১৭৪৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩২
২৯ আগস্ট ২০২৫

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে শুধুমাত্র Online-এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর | ০১টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) এমএস অফিস সুইটস- এ দক্ষতা এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর এর কাজের অভিজ্ঞতা থাকতে হবে;<br>(গ) সংশ্লিষ্ট অ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ০২. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ১৫টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি: ইংরেজি ২৫ (পঁচিশ) ও বাংলায় ২০ (বিশ) এবং এমএস অফিস সুইটস-এর কাজে দক্ষতা থাকতে হবে। |
| ০৩. | ক্যাশিয়ার | ০৫টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৪. | টেলিফোন অপারেটর | ০২টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৫. | অফিস সহায়ক | ২৪টি | গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

০২। **বয়স:** সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১.০৮.২০২৫ইং তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। **Online-এ আবেদনপত্র দাখিল এবং ফি জমাদান শুরুর তারিখ ও সময়:** ০১.০৯.২০২৫ তারিখ, সকাল ১০:০০ টা। আগ্রহী প্রার্থীগণকে শুধুমাত্র ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (http://www.icb.org.bd/career) এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। **Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় :** ৩০.০৯.২০২৫ তারিখ, রাত ১২:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে Tracking Number প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর পর পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

০৫। **আবেদন ফি:** ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর অনুকূলে ১-৪নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০.০০ টাকা ও ০৫নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০.০০ টাকা পরীক্ষার ফি (অফেরতযোগ্য) ই-পেমেন্ট গেটওয়ে **এসএসএল কমার্স (SSL Commerz)** এর মাধ্যমে (আবেদন ফি প্রদানের বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) আবেদনকারীকে জমা প্রদান করতে হবে। বি:দ্র: অনগ্রসর নাগরিকের জন্য (সকল গ্রেড) আবেদন ফি ৫০.০০ টাকা।

০৬। O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে। প্রত্যেক আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে, কর্পোরেশনে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর অপ্রদর্শিত সার্টিফিকেট পরবর্তীতে গ্রহণযোগ্য হবে না।

০৭। চাকুরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

০৮। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ প্রার্থী কর্তৃক অবশ্যই উল্লেখ করতে হবে।

০৯। অনলাইনে আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলি কর্পোরেশনের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন করার পর প্রার্থীকে Tracking Number, Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং Online Applicant's Copy ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।

১০। প্রার্থীগণকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র জমা প্রদান করতে হবে না। লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি আহবান করা হবে। দাখিলকৃত কাগজপত্রাদির সঠিকতা যাচাইয়ান্তে যে সকল প্রার্থীর দলিলাদি সঠিক পাওয়া যাবে শুধুমাত্র তাঁদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সুযোগ দেয়া হবে।

১১। চাকুরিরত প্রার্থীগণ তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন এবং লিখিত পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিসহ ১০নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক কাগজপত্রাদি দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদন বাতিল বলে গণ্য হবে।

১২। আবেদনের সময় প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণকে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৩। Online এ আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীর সদ্য তোলা Formal রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল) ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল) স্ক্যান করে upload করতে হবে। ছবি ও স্বাক্ষর এর ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৫। অসম্পূর্ণ/ভুল/ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদন কিংবা প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র জাল/মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন/প্রতারণার আশ্রয় নিলে উক্ত প্রার্থীর সাথে কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে। কোন প্রকার তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৬। প্রার্থীগণকে MCQ Test এবং/বা লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য সময় সময় কর্পোরেশনের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (http://www.icb.org.bd/career) এ প্রকাশ করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন/সকল আবেদন বাতিল, পদ সংখ্যা বৃদ্ধি/হ্রাস এবং নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৯। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।

২০। আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(আব্দুল্লাহ আল মামুন)
উপমহাব্যবস্থাপক (অ্যাডমিনিস্ট্রেশন)
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ফোন নং-০২৪১০৫৪৬০২